৫ লাখ পর্যটককে বিনামূল্যে টুরিস্ট ভিসা দেবে ভারত

চেম্বার ডেস্ক:: করোনা পরবর্তী পরিস্থিতিতে পর্যটন শিল্পকে দ্রুত চাঙ্গা করতে বিশেষ উদ্যোগ নিয়েছে ভারত। দেশটির অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বড়সড় চমক দিয়েছেন। তিনি জানিয়েছেন ৫ লাখ বিদেশি পর্যটককে বিনামূল্যে টুরিস্ট ভিসা দেবে ভারত। তবে একজন টুরিস্ট একবারই এই সুবিধা পাবেন। খবর টাইমস অব ইন্ডিয়া ও হিন্দুস্তান টাইমসের।

খবরে বলা হয়, করোনা পরিস্থিতিতে বর্তমানে থমকে আন্তর্জাতিক পর্যটক যাতায়াত। কিন্তু ধীরে ধীরে কমছে দ্বিতীয় ওয়েভের প্রভাব। ফলে শীঘ্রই আবার টুরিস্ট ভিসা ইস্যু করা শুরু হবে। আর তাই নিয়েই বড়সড় চমক দিলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।

হিন্দুস্তান টাইমস জানায়, করোনা পরিস্থিতিতে বর্তমানে থমকে আন্তর্জাতিক পর্যটক যাতায়াত। কিন্তু ধীরে ধীরে কমছে দ্বিতীয় ঢেউয়ের প্রভাব। ফলে শীঘ্রই আবার টুরিস্ট ভিসা ইস্যু করা শুরু হবে। আর তাই নিয়েই বড়সড় চমক দিলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।

সোমবার ভারতের অর্থমন্ত্রী বলেন, ‘আন্তর্জাতিক যাতায়াত আবার শুরু হওয়ার পর যে প্রথম ৫ লাখ বিদেশি পর্যটক ভারতে আসার আবেদন করবেন, তাদের কোনও ভিসার ফি দিতে হবে না।’

অর্থাৎ, ভারতে বেড়াতে আসতে ভিসার চার্জ দিতে হবে না বিদেশি পর্যটকদের। করোনা পরবর্তী পরিস্থিতিতে দেশের পর্যটন শিল্পকে দ্রুত চাঙ্গা করতে এটি নির্মলার উদ্যোগ বলে মনে করা হচ্ছে।

এ সুবিধা জারি থাকবে আগামী ২০২২ সালের ৩১ মার্চ পর্যন্ত। তবে, তার মধ্যেই ৫ লাখ ভিসার প্রদান করা হলে, সেই পর্যন্তই কেন্দ্রের এই অফার কার্যকর হবে।